

প্রেস রিলিজ

তারিখ: ২২ জুন ২০২৬

বাউবি উপাচার্যের সঙ্গে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ নুরুল ইসলাম আজ সোমবার (২২ জুন ২০২৬) সকালে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে উপাচার্যদ্বয় নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম, প্রশাসনিক অগ্রগতি, উন্নয়ন পরিকল্পনা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে মতবিনিময় করেন। এ সময়ে তাঁরা উচ্চশিক্ষার মানোন্নয়ন, শিক্ষার সম্প্রসারণ এবং পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

অত্যন্ত আন্তরিক, সৌহার্দ্য ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত এ সৌজন্য সাক্ষাৎ উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সম্পর্কোন্নয়ন ও অভিজ্ঞতা বিনিময়ের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করা হয়। এ সময়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বিভিন্ন স্কুলের ডিন ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)